



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/২০২৫/৬২০

তারিখ : ১৯/০২/২০২৫ খ্রি.

বিষয় : ২০২৫ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা কেন্দ্র কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ২০২৫ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে এসএসসি পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুসরণ করে তাঁর কেন্দ্রের জন্য ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি কেন্দ্র কমিটি গঠন করে অনুমোদন নেয়ার জন্য অনুরোধ করা হলো।

সভাপতি :

জেলা সদরের জন্য জেলা প্রশাসক এবং উপজেলা ও অন্যান্য কেন্দ্রের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা “কেন্দ্র কমিটির” সভাপতি হিসেবে অন্তর্ভুক্ত হবেন।

সদস্যবৃন্দ :

ক) জেলা শিক্ষা কর্মকর্তা- জেলা সদর/মহানগরীর ক্ষেত্রে এবং মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা-উপজেলার ক্ষেত্রে।

খ) সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ০১ জন এবং বেসরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান ০১ জন (সংশ্লিষ্ট এলাকায় সরকারি উচ্চ বিদ্যালয় না থাকলে বেসরকারি উচ্চ বিদ্যালয়ের ০২ জন প্রধান শিক্ষক উক্ত পদে দায়িত্ব পালন করবেন)।

গ) কেন্দ্র সচিব “কেন্দ্র কমিটির” সদস্য সচিব হিসেবে বিবেচিত হবেন। বোর্ড কর্তৃক অনুমোদিত কেন্দ্র প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক কেন্দ্র সচিবের দায়িত্ব পালন করবেন। তবে কোনো শিক্ষক অথবা কোনো কর্মকর্তার ছেলে-মেয়ে সংশ্লিষ্ট বোর্ডের কোনো কেন্দ্রে পরীক্ষায় অংশ গ্রহণ করলে তিনি কেন্দ্র সচিব হতে পারবেন না।

উল্লেখ্য, পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা অনুযায়ী কমিটি গঠনপূর্বক পরীক্ষার মালামাল গ্রহণের দিন নিম্নস্বাক্ষরকারীর অনুমোদন নিয়ে মাধ্যমিক শাখায় জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেদক্রমে

২৯/০২/২০২৫

✓ পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

মোবাইল : ০১৭৩২৯৯৪১৪৪

২৯/০২/২৫

প্রাপক : কেন্দ্র সচিব

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২৫ এর সকল কেন্দ্র।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সিলেট বিভাগের সকল উপজেলা (তাঁর উপজেলার সকল কেন্দ্রের জন্য কেন্দ্র কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
- ৪। সংরক্ষণ নথি।